

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারি ২৩, ২০২০

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত প্রজ্ঞাপন ]

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন

ই-৬/সি আগারগাঁও

শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা

ঢাকা-১২০৭, বাংলাদেশ।

প্রজ্ঞাপন

তারিখ : ১০ ডিসেম্বর ২০১৯

নং-বিএসইসি/সিএমআরআরসিডি/২০০১-৫০/২৩১/প্রশাসন/১০০—বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫ নং আইন) এর ধারা ২৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, পূর্ব প্রকাশের পর, সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন(মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) বিধিমালা, ১৯৯৬ এ নিম্নোক্ত সংশোধন করিল, যথা :—

উপরিউক্ত বিধিমালায়,—

বিধি ৩৭ এর উপ-বিধি (২) নিম্নোক্তভাবে প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(২) ব্যবস্থাপনা পরিচালক বা সিইও হিসাবে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি কোন স্টক এক্সচেঞ্জের বা, স্টক এক্সচেঞ্জের কোন ট্রেড হোল্ডারের বা, কোন সম্পদ ব্যবস্থাপক কোম্পানির বা, কোন ইস্যুয়ার কোম্পানির সিকিউরিটিজ ক্রয়-

(১৫৯৩)

মূল্য : টাকা ৪.০০

বিক্রয় ব্যতীত অন্য কোন কিছুর সঙ্গে প্রত্যক্ষ বা পরোক্ষ কোনভাবেই জড়িত হইতে পারিবেন না :

তবে শর্ত থাকে যে, কোন মার্চেন্ট ব্যাংকার ইস্যু ব্যবস্থাপক হিসাবে যেই কোম্পানির ইস্যুর ব্যবস্থাপনা করিবে, সেই কোম্পানির কোন সিকিউরিটিজ সংশ্লিষ্ট মার্চেন্ট ব্যাংকার বা উহার ব্যবস্থাপনা পরিচালক বা সিইও ক্রয় বা অন্য কোনভাবে গ্রহণ করিতে পারিবেন না :

আরও শর্ত থাকে যে, উক্ত ব্যবস্থাপনা পরিচালক বা সিইও কোন মার্চেন্ট ব্যাংকারের শেয়ার হোল্ডার বা, উদ্যোক্তা বা, পরিচালক হিসাবে থাকিতে পারিবেন না।”।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের আদেশক্রমে

ড. এম. খায়রুল হোসেন  
চেয়ারম্যান।